

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ / ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৫৩-আইন/২০২১/১৫০-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেটের মূল্য নির্ধারণসহ উহার প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(ক) বিধি ৫ এর-

(অ) উপ-বিধি (৪) এর “টেবিল” এর পরিবর্তে নিম্নরূপ “টেবিল” প্রতিস্থাপিত হইবে, যথা:-

“টেবিল

ক্রমিক নং	খুচরা মূল্যস্তর (প্রতি দশ শলাকা)	শলাকা সংখ্যা	সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি	ডিজাইন	স্ট্যাম্প বা ব্যান্ডরোল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১।	৩৯ টাকা ও তদূর্ধ্ব	১০	শেল এন্ড স্লাইড	হালকা সবুজ	ব্যান্ডরোল
		১০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরি	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরি	স্ট্যাম্প
২।	৬৩ টাকা ও তদূর্ধ্ব	১০	শেল এন্ড স্লাইড	হালকা গোলাপী	ব্যান্ডরোল
		১০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
৩।	১০২ টাকা ও তদূর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
		১২	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প

ক্রমিক নং	খুচরা মূল্যস্তর (প্রতি দশ শলাকা)	শলাকা সংখ্যা	সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি	ডিজাইন	স্ট্যাম্প বা ব্যান্ডরোল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
৪।	১৩৫ টাকা ও তদূর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		১২	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প

”;

(খ) বিধি (৬) এর উপ-বিধি (২) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (২ক) সন্নিবেশিত হইবে, যথা:-

“(২ক) প্রতিষ্ঠান নষ্ট হওয়া স্ট্যাম্প বা ব্যান্ডরোল ধ্বংসের জন্য সংশ্লিষ্ট কমিশনার বরাবর আবেদন করিলে কমিশনার উক্তরূপ স্ট্যাম্প বা ব্যান্ডরোল ধ্বংসের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবো”;

(গ) বিধি ১১ এর উপ-বিধি (৫) এর পরিবর্তে পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৫) স্ট্যাম্প বা ব্যান্ডরোল দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন হইতে সংগ্রহ করিতে হইবে এবং “পরিশিষ্ট-গ” তে স্ট্যাম্পের বা ব্যান্ডরোলের হিসাব সংরক্ষণ করিতে হইবে”;

(ঘ) “পরিশিষ্ট-গ” এর পরিবর্তে নিম্নরূপ “পরিশিষ্ট-গ” প্রতিস্থাপিত হইবে, যথা:-

“পরিশিষ্ট-গ”

স্ট্যাম্প বা ব্যান্ডরোল রেজিস্টার

[অনুচ্ছেদ ১১ এর উপ-অনুচ্ছেদ (৫) দ্রষ্টব্য]

ক্রমিক নং	তারিখ	প্রারম্ভিক স্ট্যাম্প বা ব্যান্ডরোলের পরিমাণ	সংগৃহীত বা ক্রয়কৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোলের পরিমাণ	সংগৃহীত বা ক্রয়কৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোলের মূল্য	মোট স্ট্যাম্প বা ব্যান্ডরোলের পরিমাণ (৬=৩+৪)	পোস্ট অফিস কর্মকর্তা বা বোর্ড কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর	ব্যবহৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোলের পরিমাণ	স্ট্যাম্প বা ব্যান্ডরোলের জের ৯ = ৬-৮	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (মুসক নীতি)